দৈনিক
ইনকিলাব

তারিখ 18 JAN 2009
পৃষ্ঠা ২১ কলাম ৭

# শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা সমন্বয় পরিষদ গঠন

স্টাফ রিপোর্টার ঃ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা বিষয়ে বিগত তত্ত্বাবধায়ক সরকারের অধ্যাদেশ বাতিলের দাবীতে গত শুক্রবার মিরপুর বাংলা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ মিলনায়তনে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ভিকারুননেছা নুন স্কুল এন্ড কলেজের নির্বাচিত অভিভাবক প্রতিনিধি মোঃ আতাউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অভিভাবক প্রতিনিধি, দাতা সদস্য, শিক্ষানুরাগী সদস্য ও শিক্ষক প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। শিক্ষা প্রতিষ্ঠানের সুষ্ঠু প্রশাসন ও পরিচালনা নিশ্চিত এবং সুশিক্ষার পরিবেশ সৃষ্টিতে অধ্যাদেশ বাতিলের দাবীতে ভিকারুননেছা নুন স্কুল এন্ড কলেজের অভিভাবক প্রতিনিধি মোঃ আতাউর রহমানকে আহ্বায়ক, উদয়ন স্কুল এন্ড কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভিভাবক প্রতিনিধি মীর নেওয়াজ আলী ও ভিকারুননেছা নুন স্কুল এন্ড কলেজের অভিভাবক প্রতিনিধি ডাঃ মোঃ মুজিবুর রহমান হাওলাদার, মনিপুর উচ্চ বিদ্যালয়ের অভিভাবক প্রতিনিধি আনোয়ার হোসেন স্বপন, মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজের অভিভাবক প্রতিনিধি খন্দকার আসিফ হোসেনকে যুগ্ম আহ্বায়ক এবং মিরপুর বাংলা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজের শিক্ষানুরাগী সদস্য সাঈদুল হোসেন সাহেদকে সদস্য সচিব করে একটি আহ্বায়ক কমিটি গঠন করা হয়। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির একজন করে সদস্যকে উক্ত আহ্বায়ক কমিটির সদস্য করা হবে বলে সভায় সিদ্ধান্ত নেয়া হয়। সভায় আগামী ২০ জানুয়ারী মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় ঢাকা রিপোর্টার্স ইউনিটির ডিআইপি মিলনায়তনে অধ্যাদেশের নেতিবাচক দিক তুলে ধরে সাংবাদিক সম্মেলনের আয়োজনের সর্বসম্মত সিদ্ধান্ত হয়।